

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :-

স্থান :- উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

তারিখ :- ০৮/০৮/২০২১ খ্রি

সময় :- সকাল ১১:০০ ঘটিকা।

সভাপতি :- জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

আলোচ্যসূচী :-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মাঠে চলমান কার্যক্রমের বর্তমান পরিস্থিতি।
- ৩। ইট ভাটায় কৃষি জমির উপরি স্তরের মাটি ব্যবহারের ফলে মাটির উর্বরতা হ্রাস।
- ৪। বিবিধ।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)

	উপস্থিত সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব সৈয়দ শাহিনুর ইসলাম	উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা	স্বাক্ষরীত
২	জনাব নিজাম উদ্দীন শামীম	চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৩	জনাব আবদুর রশিদ সওদাগর	চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৪	জনাব মো: নজরুল ইসলাম	চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচী-০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-

সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন রূপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।


আলোচ্যসূচী-০২। মাঠের বর্তমান পরিস্থিতি:-

সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে আউশ ও গ্রীষ্মকালীন শাক-সবজি রয়েছে। মাঠের বর্তমান পরিস্থিতি ভাল রোগ বালাই ও পোকামাকড় এর তেমন কোন আক্রমণ নাই। উপসহকারী কৃষি অফিসারগণ যথারীতি মাঠে কৃষকদের প্রযুক্তি সহায়তা দিচ্ছেন।
সিদ্ধান্ত:- মাঠের বর্তমান অবস্থা ভাল থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী- ৩ ইট ভাটায় কৃষি জমির উপরি স্তরের মাটি কেটে নেওয়ার ফলে জমির উর্বরতা হ্রাস পাচ্ছে :-


সদস্য সচিব সভায় জানান, লাকসাম উপজেলায় ইটভাটায় ব্যবহারের জন্য যত্রতত্রভাবে কৃষি জমির উপরি স্তরের মাটি কেটে নেওয়ার ফলে কর্তৃত জমির উর্বরতা হ্রাস পাচ্ছে। এ সব জমিতে পরবর্তী ৩-৪ বছর তেমন ফলন পাওয়া যায় না। কারন জমির লাঙ্গল স্তরে (৬" গভীর) গাছের অত্যাৱশ্যকীয় উপাদানগুলি বিদ্যমান থাকে। এই স্তরের মাটি কেটে নেওয়ার ফলে পড়ে থাকা অনুর্বর মাটিতে ফসল ভাল হয় না। এতে কৃষকগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ অবস্থা চলতে থাকলে সামগ্রিক ফলন বিপর্যয় দেখা দিতে পারে। তাই জরুরী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কৃষি জমির উপরি স্তরের মাটি বিক্রি না করার জন্য কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদেরকে সচেতন করা হচ্ছে। কিন্তু কিছু কিছু কৃষক নগদ অর্থের আশায় জমির মাটি বিক্রি করছে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত :- উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উল্লেখের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।
আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মহব্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৪। ----- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
- ০৫। সংরক্ষণ নথি।



(সৈয়দ শাহিনুর ইসলাম)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

লাকসাম, কুমিল্লা।